



ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা - ২০১৯

Dhaka International Trade Fair - 2019



নথি নং-২৬.০২.০০০০.০৫৫.৬৭.০৫১.১৭/ ১০ ৯

তারিখঃ ০৭/০২/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এর সময়সীমা ০১ (এক) দিন (০৯-০২-২০১৯ ফেব্রুয়ারি, ২০১৯) বৃদ্ধি হওয়ার প্রেক্ষিতে আনুপাতিক হারে যাবতীয় করসহ বর্ধিত দিনের ভাড়া/ইজারা মূল্য পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে চলমান ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এর মেয়াদ ০১ (এক) দিন অর্থাৎ ০৯-০২-২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এপ্রেক্ষিতে, ডিআইটিএফ-২০১৯ এ অংশগ্রহণকারী বিভিন্ন ক্যাটাগরির প্যাভিলিয়ন, স্টল, রেস্তোঁরা ও প্রতিষ্ঠান/সংস্থা এবং প্যাভিলিয়ন, স্টল, রেস্তোঁরা ব্যতীত অন্যান্য ইজারা কাজের বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ-কে মেলার বর্ধিত ০১ (এক) দিনের জন্য আনুপাতিক হারে (উদ্ধৃত মূল্য + ১৫% ভ্যাট + ৫% আয়কর) ÷ পূর্ব নির্ধারিত দিন X বর্ধিত দিন) যাবতীয় করসহ ভাড়া ০৭-০২-২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় “ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল” শিরোনামের হিসাব নং-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হ’ল। প্রসঙ্গত উল্লেখ্য, মেলার প্রবেশ টিকেট ইজারাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে বর্ধিত দিনের প্রবেশ টিকেট ইজারা কাজের জন্য ইজারা মূল্য এবং প্রমোদকরসহ যাবতীয় কর পরিশোধ করতে হবে।

০২। বর্ধিত ০১ (এক) দিনের জন্য যাচিত যাবতীয় করসহ ভাড়া/ইজারা/রয়্যালটি মূল্য প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানতের অর্থ হতে তা কর্তন করা হবে। তবে মেলায় অংশগ্রহণকারী যে সকল প্রতিষ্ঠানের জামানত বাবদ অর্থ “ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল”-এ জমা নেই তাঁদের ক্ষেত্রে যাচিত যাবতীয় করসহ ভাড়া/ইজারা/রয়্যালটি মূল্য প্রদানে ব্যর্থতায় তাঁদেরকে পরবর্তী বাণিজ্য মেলায় অংশগ্রহণে কালো তালিকাভুক্ত করা হবে।

০৩। রপ্তানি উন্নয়ন ব্যুরোর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হ’ল।

(মোহাম্মদ আবদুর রউফ)

উপসচিব

উপপরিচালক (অর্থ), ইপিবি, ও
সদস্য-সচিব, ডিআইটিএফ-২০১৯ সচিবালয়
ফোনঃ ০২-৫৮১৫০৩৭০

বিতরণঃ

১। ডিআইটিএফ-২০১৯ এ অংশগ্রহণকারী বিভিন্ন ক্যাটাগরির প্যাভিলিয়ন, স্টল, রেস্তোঁরা ও প্রতিষ্ঠান/সংস্থা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সভাপতি, ডিআইটিএফ-২০১৯-এর স্টিয়ারিং কমিটি।
- ২। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ৩। মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ৪। মহাপরিচালক-২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ৫। সচিব (যুগ্মসচিব), ইপিবি ও পরিচালক, ডিআইটিএফ-২০১৯ সচিবালয়, ইপিবি, ঢাকা।